বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

চৈত্র ২৪, ১৪২২

এফই সার্কুলার নং- ১২ তারিখ ঃ------------------

এপ্রিল ০৭, ২০১৬

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

**সরকারী ও বেসরকারী খাতের পাটকলসমূহে উৎপাদিত**
**পাটজাত পণ্য রপ্তানির বিপরীতে নগদ ভর্তুকি প্রদান প্রসংগে।**

শিরোনামোক্ত বিষয়ে জারিকৃত এফই সার্কুলার নং ১১, তারিখ নভেম্বর ১৬, ১৯৯৮ এবং পাটজাত পণ্য রপ্তানির বিপরীতে নগদ ভর্তুকি প্রদান বিষয়ে পরবর্তীতে জারিকৃত সকল এফই সার্কুলার/সার্কুলারপত্রের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। এফই সার্কুলার নং ০৮, তারিখ জুলাই ১৩, ২০১৫ এর ১৪(ক) অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী কমপক্ষে ৭৫% পাটের ব্যবহার সম্মলিত বৈচিত্রকৃত পাটজাত পণ্য (Diversified Jute Products) রপ্তানির বিপরীতে ১০% হারে নগদ ভর্তুকি প্রদেয় হবে। এ মর্মে স্পষ্টিকরণ করা যাচ্ছে যে, হেসিয়ান, সেকিং, সিবিসি ও পাট সুতা ব্যতীত পাটজাত অন্যান্য বৈচিত্রকৃত পণ্য রপ্তানির বিপরীতে ১০% হারে নগদ ভর্তুকি নিম্নোক্ত শর্ত সাপেক্ষে প্রযোজ্য হবে ঃ

(ক) রপ্তানি আয়ের (নীট এফওবি) মধ্যে ব্যবহৃত পাটের মূল্যের হার ৭৫% এর বেশী হতে হবে।

(খ) বৈচিত্রকৃত পাটজাত পণ্য রপ্তানির বিপরীতে নগদ ভর্তুকির আবেদন সংযোজনী-ক মোতাবেক দাখিল করতে হবে।

(গ) বৈচিত্রকৃত পাটজাত পণ্যে ৭৫% মূল্যমানের বেশী পাটের ব্যবহার বিষয়ে বাংলাদেশ জুট মিলস এসোসিয়েশন (বিজেএমএ)/ বাংলাদেশ জুট স্পিনার্স এসোসিয়েশন (বিজেএসএ) এর প্রত্যয়ন সনদ (সংযোজনী-খ) দ্বারা সমর্থিত হতে হবে। তবে বৈচিত্রকৃত পাটজাত পণ্যের রপ্তানিমূল্য টিটি'র মাধ্যমে অগ্রিম প্রত্যাবাসনের বিপরীতে নগদ ভর্তুকি প্রাপ্তির ক্ষেত্রে এফই সার্কুলার নং ১২, তারিখ জুলাই ১৭, ২০১১ অনুযায়ী বিজেএমএ/বিজেএসএ এর প্রত্যয়ন সনদপত্র পুনরায় দাখিলের আবশ্যকতা থাকবে না।

(ঘ) বৈচিত্রকৃত পাটজাত পণ্য রপ্তানির বিপরীতে অনুমোদিত ডিলার শাখায় নিস্পত্তি অপেক্ষমান আবেদনপত্রের সাথে বর্তমান নির্দেশনার আলোকে প্রয়োজনীয় দলিলাদি দাখিল করতে হবে। পাশাপাশি বৈচিত্রকৃত পাটজাত পণ্য রপ্তানির বিপরীতে নির্দেশিত সময়ের মধ্যে যে সকল আবেদনপত্র ব্যাংক শাখায় দাখিল করা হয়নি ঐ সকল আবেদন আলোচ্য সার্কুলার জারির ৩০ দিনের মধ্যে দাখিল করা যাবে।

০৩। পাটজাত পণ্য রপ্তানির বিপরীতে ভর্তুকি পরিশোধ সংশ্লিষ্ট সকল এফই সার্কুলার/সার্কুলারপত্রের প্রযোজ্য নির্দেশনাবলী যথারীতি অপরিবর্তিত থাকবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে ।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী ঃ বর্ণনা মোতাবেক।

(মোঃ জাকির হোসেন চৌধুরী)
উপ-মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০২৫০

(অনুচ্ছেদ ০২(খ) এফই সার্কুলার নং-১২/২০১৬ দ্রষ্টব্য) সংযোজনী - ক

## সরকারী ও বেসরকারী পাটকল কর্তৃক বৈচিত্রকৃত পাটজাত পণ্য রপ্তানির বিপরীতে নগদ ভর্তুকির আবেদনপত্র।

(ক) আবেদনকারী পাটকলের নাম ও ঠিকানা ঃ ------------------------------------------------

রপ্তানি নিবন্ধন সনদপত্র নম্বর ঃ ----------------------------------------------------------

(খ) রপ্তানি ঋণপত্র/চুক্তিপত্র নম্বর, তারিখ ও মূল্য ---------------------------------------------

(পাঠযোগ্য সত্যায়িত কপি দাখিল করতে হবে)

(গ) রপ্তানিকৃত পণ্য উৎপাদনে ব্যবহৃত পাটের সংগ্রহসূত্র, পরিমাণ ও মূল্য ঃ

| সরবরাহকারীর নাম ও ঠিকানা | পরিমাণ | মূল্য |
|---|---|---|
| ১ | ২ | ৩ |

(রপ্তানি পণ্যের বর্ণনা, মূল্য, উৎপাদনে ব্যবহৃত উপকরণ ব্যবহার ও সংগ্রহসূত্রের বিষয়ে বিজেএমএ/বিজেএসএ এর প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।)

(ঘ) রপ্তানি চালানের বিবরণ ঃ

| পণ্যের বর্ণনা | পরিমাণ | আমদানিকারকের নাম ও ঠিকানা | ইনভয়েস মূল্য (বৈদেশিক মুদ্রায়) | জাহাজীকরণের তারিখ | ইএক্সপি নম্বর | বৈদেশিক মুদ্রায় প্রত্যাবাসিত রপ্তানিমূল্য ও প্রত্যাবাসনের তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |

(কমার্শিয়াল ইনভয়েস, প্যাকিং লিষ্ট এবং বিল অব লেডিং/এয়ারওয়ে বিল ইত্যাদির সত্যায়িত পাঠযোগ্য কপি এবং রপ্তানিমূল্য প্রত্যাবাসন সনদপত্র দাখিল করতে হবে)

(ঙ) নগদ ভর্তুকির আবেদনকৃত অংক ঃ

| প্রত্যাবাসিত রপ্তানিমূল্য | প্রযোজ্য ক্ষেত্রে জাহাজ ভাড়ার পরিমাণ | বৈদেশিক মুদ্রায় পরিশোধ্য কমিশন, ইস্যুরেন্স ইত্যাদি (যদি থাকে) | নীট এফওবি রপ্তানিমূল্য ১-(২+৩) | নগদ ভর্তুকি ৪ x *-------১০০ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |

(প্রযোজ্য ক্ষেত্রে জাহাজ ভাড়ার উল্লেখ সম্বলিত ফ্রেইট সার্টিফিকেটের সত্যায়িত কপি দাখিল করতে হবে)

* প্রযোজ্য নগদ ভর্তুকীর হার

এ মর্মে অঙ্গীকার করা যাচ্ছে যে, আমাদের নিজস্ব পাট কলে ৭৫% মূল্যমানের বেশী পাট ব্যবহারের মাধ্যমে উৎপাদিত বৈচিত্র্যকৃত পাটজাত পণ্য রপ্তানির বিপরীতে নগদ ভর্তুকির জন্য আবেদন করা হলো। এ আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য/ঘোষণা সম্পূর্ণ ও সঠিক। যদি পরবর্তীতে কোন ভুল/অসত্য তথ্য/প্রতারণা/জালিয়াতি উদঘাটিত হয় তবে গৃহীত ভর্তুকির সমুদয় অর্থ বা এর অংশবিশেষ আমার/আমাদের নিকট হতে এবং/অথবা আমার/আমাদের ব্যাংক হিসাব থেকে আদায়/ফেরত নেয়া যাবে।

তারিখ ঃ ---------------------

----------------------------------
পাট কলের স্বত্বাধিকারী/ক্ষমতাপ্রাপ্ত
কর্মকর্তার স্বাক্ষর ও পদবী।

(জ) ভর্তুকি প্রদানকারী ব্যাংক শাখা কর্তৃক পূরণীয় ঃ

| রপ্তানি পণ্যের বর্ণনা | মোট প্রত্যাবাসিত রপ্তানি মূল্য | প্রযোজ্য ক্ষেত্রে জাহাজ ভাড়ার পরিমাণ | বৈদেশিক মুদ্রায় পরিশোধ্য কমিশন, ইস্যুরেন্স ইত্যাদি (যদি থাকে) | নীট এফওবি রপ্তানি মূল্য ২-(৩+৪) | রপ্তানি পণ্য উৎপাদনে ব্যবহৃত পাটের মূল্য (গ অনুচ্ছেদের ৩ নং কলাম মোতাবেক) | রপ্তানি আয়ের মধ্যে ব্যবহৃত পাটের মূল্যের শতকরা হার (৬/৫)*১০০ | পরিশোধ্য নগদ ভর্তুকির পরিমাণ (টাকায়) ঃ ৫ x *--- ১০০ x (রপ্তানিমূল্য প্রত্যাবাসনের তারিখে সংশ্লিষ্ট বৈদেশিক মুদ্রার ওডি সাউট ক্রয় মূল্য) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৯ | ১০ |

* প্রযোজ্য নগদ ভর্তুকির হার

বর্ধিত নগদ সহায়তার পরিমাণ --------------- টাকা (কথায় ঃ ----------------------------------)।

পরিশোধের তারিখ ঃ --------------------

----------------------------------------
বর্ধিত নগদ সহায়তা অনুমোদনের ক্ষমতাপ্রাপ্ত
ব্যাংক কর্মকর্তার স্বাক্ষর, নাম ও পদবী

সংযোজনী - খ

<u>বাংলাদেশ জুট মিলস এসোসিয়েশন/বাংলাদেশ জুট স্পীনার্স এসোসিয়েশন প্রদেয় প্রত্যয়ন সনদপত্র</u>

পাটকলে উৎপাদিত বৈচিত্রকৃত পাটজাত পণ্য রপ্তানির বিপরীতে নগদ ভর্তুকি প্রাপ্তির প্রত্যয়ন সনদপত্র।

১। আবেদনকারী পাটকলের নাম ও ঠিকানা ঃ

২। রপ্তানি ঋণপত্র/চুক্তিপত্র এর নম্বর ঃ তারিখ ঃ মূল্য ঃ

৩। বিদেশী ক্রেতার নাম ও ঠিকানা ঃ

৪। বিদেশী ক্রেতার ব্যাংকের নাম ও ঠিকানা ঃ

৫। (ক) ইনভয়েস নম্বর ঃ তারিখ ঃ
(খ) ইনভয়েসে উল্লিখিত পণ্যের পরিমাণ ঃ মূল্য ঃ

৬। (ক) রপ্তানি পণ্যে ব্যবহৃত পাটের পরিমাণ ঃ মূল্য ঃ
(খ) সংগ্রহ সূত্র (সরবরাহকারীর নাম ও ঠিকানা) ঃ
(গ) রপ্তানি আয় (নীট এফওবি) এর মধ্যে ব্যবহৃত পাটের মূল্যের শতকরা হার ঃ

৭। রপ্তানি পণ্যের বিবরণ ঃ পরিমাণ ঃ মূল্য ঃ

৮। জাহাজীকরণের তারিখ ঃ গন্তব্য বন্দর ঃ

৯। ইএক্সপি নম্বর ঃ মূল্য ঃ তারিখ ঃ

১০। মোট প্রত্যাবাসিত রপ্তানি মূল্য (বৈদেশিক মুদ্রায়) ঃ নীট এফওবি রপ্তানি মূল্য (বৈদেশিক মুদ্রায়) ঃ

১১। প্রত্যাবাসিত রপ্তানি মূল্যের সনদপত্র নম্বর ঃ তারিখ ঃ

রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ

এতদ্বারা প্রত্যয়ন করা যাচ্ছে যে, আমাদের নিজস্ব পাট কলে ৭৫% মূল্যমানের বেশী পাট ব্যবহারের মাধ্যমে উৎপাদিত বৈচিত্র্যকৃত পাটজাত পণ্য রপ্তানির বিপরীতে নগদ ভর্তুকির জন্য উপরোক্ত অনুচ্ছেদগুলোতে উল্লিখিত বক্তব্য সঠিক ও নির্ভূল। বিদেশী ক্রেতা/আমদানিকারকের ক্রয়াদেশের যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত করা হলো।

রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ

রপ্তানিকারকের উপরোক্ত ঘোষণাগুলোর যথার্থতা যাচাইয়ান্তে সঠিক পাওয়া গিয়েছে; ঘোষণা মোতাবেক ৭৫% মূল্যমানের বেশী পাট ব্যবহারের মাধ্যমে উৎপাদিত বৈচিত্রকৃত পাটজাত পণ্য রপ্তানি করা হয়েছে। ঘোষিত রপ্তানিমূল্য যৌক্তিক ও বিদ্যমান আন্তর্জাতিক বাজার মূল্যের সংগে সংগতিপূর্ণ পাওয়া গিয়েছে এবং বিদেশী ক্রেতার যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত হওয়া গিয়েছে। প্রত্যাবাসিত রপ্তানি মূল্যের (নীট এফওবি মূল্য) ওপর নগদ ভর্তুকি পরিশোধের সুপারিশ করা হলো।

বাংলাদেশ জুট মিলস এসোসিয়েশন/বাংলাদেশ জুট স্পীনার্স এসোসিয়েশন
এর উপযুক্ত দুইজন কর্মকর্তার স্বাক্ষর, তারিখ ও সীল

[কোন প্রকার ঘষামাজা, কাটাছেড়া বা সংশোধন করা হলে এ প্রত্যয়নপত্র বাতিল বলে গণ্য হবে।]